

Class :5

Subject :Bengali (2<sup>nd</sup> language)

Topic:কবিতা (শিশু)

### **সারাংশ :**

শিশু কবিতাটি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের 'শিশু' কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে। কবি সমুদ্রতীরে অর্থাৎ সমুদ্রের ধারে শিশুদের খেলা দেখে তাদের একটা রূপ এঁকেছেন। মাথার ওপর সেই বিশাল আকাশ স্থির আকাশ কিন্তু সমুদ্রের ফেনায় ভরা জল অস্থির নেচে নেচে বেড়াচ্ছে। তীরে মানুষেরা আনন্দে মেতেছে অথচ শিশুদের সেদিকে কোন লক্ষ্যই নেই, তারা খেলায় মেতেছে। তারা তৈরি করছে বালি দিয়ে ঘর, ওই সমুদ্রের ঢেউয়ে ভাসিয়ে দেয় পাতার তৈরি ভেলা। তারা শুধুমাত্র আপন মনে খেলা করে যাচ্ছে, তারা আর কিছুই বোঝে না।

### **অনুশীলনীর প্রশ্নগুলির উত্তর দাও: পৃষ্ঠা ১৫-১৬**

#### **[ক] সংক্ষিপ্ত উত্তর ধর্মী:**

- ১। কবিতাটি রবীন্দ্রনাথের কোন বই থেকে নেওয়া হয়েছে?
- ২। রবীন্দ্রনাথ ঠাকুরের কোথায় কত খ্রিস্টাব্দে জন্ম হয়েছিল?
- ৩। 'জগৎ পারাবারের' তীরে কথাটির অর্থ কি?
- ৪। শিশুরা কি দিয়ে ঘর বাঁধে? কোথায়?
- ৫। 'খেলার তরী' কি?
- ৬। তটে কিসের কোলাহল হয়?

#### **[খ] নীচের শব্দগুলোর অর্থ লেখ:**

- ১। পারাবার
- ২। গগনতল
- ৩। কোলাহল
- ৪। তরী
- ৫। সলিল

#### **[গ] নীচের শব্দগুলির গদ্যরূপ লেখ:**

১।পরে

২।পরি

৩।নাচিছে

৪।গড়ি

৫।বাঁধিছে

**[ঘ]**নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা করো:

১।জগৎ

২।তীরে

৩।অচঞ্চল

৪।গাঁথা

৫।ঝিনুক

**[ঙ]**শূন্যস্থান পূরণ করো:

১।মাথার পরে \_\_\_\_\_

\_\_\_\_\_ ওই সুনীল জল

নাচিছে \_\_\_\_\_ বেলা।

২।জগৎ \_\_\_\_\_ তীরে

ছেলেরা করে \_\_\_\_\_

**[চ]**নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখ:

১।আপন

২।অচঞ্চল

৩।গগনতল

৪।ভাসায়

৫।বাঁধিছে

ছ]নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো:

১।জগৎ

২।নীল

৩।অন্ত

৪।চঞ্চল

৫।জল